



# Summer EBT খাদ্যের সুবিধা

## এই গ্রীষ্মকালে নিউ ইয়র্কের Summer EBT প্রোগ্রাম কীভাবে শিশুদের খাওয়াতে সাহায্য করতে পারে তা জানুন!

Summer Electronic Benefit Transfer (EBT) প্রোগ্রাম গ্রীষ্মকালে পরিবারগুলিকে তাদের স্কুলের পড়ার বয়সী শিশুদের জন্য খাবার কিনতে সাহায্য করবে। প্রতিটি যোগ্য শিশুর জন্য পরিবাররা খাদ্যের সুবিধায় 120 মার্কিন ডলার পাবে।

যোগ্য শিশুরা একটি EBT কার্ডে Summer EBT খাদ্যের সুবিধাগুলি পাবে। **অনুমোদিত খুচরা খাদ্য বিক্রির দোকানে, ফার্মার্স মার্কেটে**, এবং SNAP গ্রহণ করা হয় এমন যেকোনো স্থানে ফল, সবজি, মাংস, শস্য দানা, এবং দুগ্ধজাত পণ্য কেনার জন্য পরিবারগুলি তাদের Summer EBT সুবিধাদি ব্যবহার করতে পারে।

অধিকাংশ শিশুই Summer EBT এর জন্য স্বয়ংক্রিয়ভাবে যোগ্য হবে এবং তাদের ভর্তি করার জন্য কিছু করার প্রয়োজন হবে না। তবে, কিছু শিশুদের আবেদন করার প্রয়োজন হতে পারে। 2025 সালের সুবিধার জন্য 4 সেপ্টেম্বর, 2025 তারিখের মধ্যে অনলাইনে আবেদন করুন।

### স্বয়ংক্রিয়ভাবে নথিভুক্ত:

- শিশুটির বয়স 6-16 বছর এবং যোগ্যতার সময়কালে যেকোনো সময় SNAP, অস্থায়ী সহায়তা, অথবা Medicaid পেয়েছে।

#### অথবা

- 2024-25 শিক্ষাবর্ষে National School Lunch প্রোগ্রামের মাধ্যমে শিশুটিকে তার স্কুল কর্তৃক সরাসরি বিনামূল্যের/মূল্য কমানো খাবারের জন্য প্রত্যয়িত করা হয়েছে।
- স্বয়ংক্রিয়ভাবে নথিভুক্ত শিশুদের আবেদন করার প্রয়োজন নেই।

### যাদের আবেদন করতে হবে:

- শিশুটিকে স্বয়ংক্রিয়ভাবে নথিভুক্ত করা হয় না, **এবং**
- পরিবারটি বিনামূল্যে/মূল্য কমানো স্কুলের খাবারের জন্য **আয়ের প্রয়োজনীয়তা** পূরণ করে, **এবং**
- শিশুটি এমন একটি স্কুলে পড়ে যা National School Lunch প্রোগ্রামে অংশগ্রহণ করে,
- অনলাইন আবেদনটি [SummerEBT.ny.gov](https://otda.ny.gov/SummerEBT) এ উপলব্ধ আছে

অব্যবহৃত Summer EBT সুবিধার মেয়াদ শেষ হয়ে যায় এবং সেগুলিকে জারি করার তারিখ থেকে 122 দিনের মধ্যে EBT কার্ড থেকে সরিয়ে ফেলা হয়। পরিবারদের তাদের সুবিধা পাওয়ার পরেই তাদের সুবিধাগুলি ব্যবহার করা উচিত।

যোগ্যতার সময়কাল 1 জুলাই, 2024 থেকে 4 সেপ্টেম্বর 2025 পর্যন্ত। কখন এবং কীভাবে খাদ্যের সুবিধা প্রদান করা হবে এবং কীভাবে সেগুলি ব্যবহার করতে হবে তা সহ Summer EBT সম্পর্কে আরও জানার জন্য [otda.ny.gov/SummerEBT](https://otda.ny.gov/SummerEBT) এ যান।



Office of Temporary  
and Disability Assistance  
Summer EBT

আরো তথ্যের জন্য, ভিজিট করুন  
[otda.ny.gov/SummerEBT](https://otda.ny.gov/SummerEBT)

